গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

তারিখ: ৯ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
২৫ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.২৩.২৪৬

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**বিষয়ঃ ঘূর্ণিঝড় 'হামুন' (Hamoon) সংক্রান্ত তথ্য।**

২২ অক্টোবর ২০২৩ তারিখে দক্ষিণপূর্ব বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত একটি সুস্পষ্ট লঘুচাপ ঘণীভূত হয়ে পশ্চিম-মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় (১৪.৮° উত্তর অক্ষাংশ এবং ৮৬.১° পূর্ব দ্রাঘিমাংশ) নিম্নচাপে পরিণত হয়। তখন ঐ দিন (২২ অক্টোবর ২০২৩) সকাল ০৬ টায় চট্টগ্রাম সমুদ্রবন্দর থেকে ১০৪০ কি.মি. পশ্চিম-দক্ষিণপশ্চিমে, কক্সবাজার সমুদ্রবন্দর থেকে ৯৮৫ কি.মি. পশ্চিম-দক্ষিণপশ্চিমে, মোংলা সমুদ্রবন্দর থেকে ৯৩৫ কি.মি. দক্ষিণপশ্চিমে এবং পায়রা সমুদ্রবন্দর থেকে ৯২৫ কি.মি. দক্ষিণপশ্চিমে অবস্থান করছিল। চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে ০১ (এক) নম্বর (পুনঃ) ০১ (এক) নম্বর দূরবর্তী সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়। পরবর্তীতে নিম্নচাপটি গভীর নিম্নচাপে পরিণত হয়।

২৩ অক্টোবর ২০২৩ তারিখ সন্ধ্যায় গভীর নিম্নচাপটি পশ্চিম-মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন উত্তরপশ্চিম বঙ্গোপসাগর এলাকায় ঘূর্ণিঝড় 'হামুন' (Hamoon) এর পরিণত হয়। ২৪ অক্টোবর ২০২৩ তারিখ সকাল ৯ টায় পায়রা ও চট্টগ্রাম সমুদ্রবন্দরের জন্য ০৭ (সাত) নম্বর, কক্সবাজার সমূদ্রবন্দরের জন্য ৬ (ছয়) নম্বর এবং মোংলা সমুদ্রবন্দরের জন্য ৫ (পাঁচ) নম্বর বিপদ সংকেত প্রদান করা হয়।

ঘূর্ণিঝড়টি ২৫ অক্টোবর ২০২৩ তারিখ রাত ০১ টায় কুতুবদিয়ার নিকট দিয়ে চট্টগ্রাম-কক্সবাজার উপকূল অতিক্রম সম্পন্ন করে দূর্বল হয়ে যায়।

**ঘূর্ণিঝড় 'হামুন' (Hamoon) মোকাবিলার দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত ব্যবস্থাদিঃ**

ঘূর্ণিঝড় 'হামুন' (Hamoon) মোকাবিলার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক ২৪/১০/২০২৩খ্রিঃ তারিখ ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি) বাস্তবায়ন বোর্ডের সভা আহ্বান করা হয়। সভায় বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর এর মাধ্যমে জানা যায় যে, ২৪ অক্টোবর ২০২৩ তারিখ রাত ১০ টায় ঘূর্ণিঝড়টি বাংলাদেশের সমূদ্র উপকূল অতিক্রম করা শুরু করতে পারে। সে জন্য ঝুঁকিপূর্ণ জেলাসমূহের ঝুঁকিপূর্ণ মানুষকে ২৪ অক্টোবর রাত ৮টার মধ্যেই আশ্রয়কেন্দ্রে নিয়ে আসার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রনালয়ের নির্দেশনা মোতাবেক উপকূলীয় জেলাসমূহের জেলা প্রশাসন আশ্রয়কেন্দ্রসমূহ প্রস্তুত করে এবং ঝুঁকিপূর্ণ মানুষ এবং গবাদিপশু আশ্রয়কেন্দ্রে নিয়ে আসার ব্যবস্থা গ্রহণ করে।

ঘূর্ণিঝড় 'হামুন' মোকাবিলায় উপকূলীয় জেলাসমূহে আশ্রয়কেন্দ্রে আশ্রিত লোকসংখ্যা ও গবাদিপশুর তথ্যাবলিঃ

| ক্র. নং | জেলার নাম | আশ্রয়কেন্দ্র খোলার সংখ্যা | আশ্রিত লোকের সংখ্যা | | | | | আশ্রিত গবাদিপশুর সংখ্যা | | | | মেডিকেল টিম | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | পুরুষ | মহিলা | শিশু | প্রতিবন্ধী | মোট | গরু/ মহিষ | ছাগল/ ভেড়া | অন্যান্য | মোট | গঠিত | চালু |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| ১ | বরগুনা | ৬৪২ | ৪৩৩ | ৫৭০ | ১৮০ | ২৪ | ১২০৭ | ৮৯ | ৯৮ | ০ | ১৮৭ | ৪৭ | ৪৭ |
| ২ | বরিশাল | ৭৩৬ | ১৭৮৭ | ১৯৮৮ | ৯২৩ | ৬৫ | ৪৭৬৩ | ২০১ | ১৬৭ | ০ | ৩৬৮ | ৮৯ | ৮৯ |
| ৩ | ভোলা | ৮৬৯ | ৪৩৬৯৪ | ৪৭৬৪৬ | ১৩১১০ | ১২ | ১০৪৪৬২ | ৭৯৬৩ | ১১২০০ | ০ | ১৯১৬৩ | ৯৮ | ৯৮ |
| ৪ | চট্টগ্রাম | ১০৩৭ | ৫৯২৮৯ | ৪৫২৪১ | ৭২৭১ | ১৭ | ১১১৮১৮ | ১৬০২ | ৩৬১৯ | ১০২ | ৫৩২৩ | ২০১ | ১৮৭ |
| ৫ | কক্সবাজার | ৫৭৬ | ১৬৬৬৭ | ২৩২৩৮ | ২১৮ | ৩৮ | ৪০১৬১ | ৩২৬ | ৪১৯ | ০ | ৭৪৫ | ৭৯ | ৭৯ |
| ৬ | ফেণী | ৩৩ | ৪৭৬ | ৪২০ | ১৩৯ | ১৫ | ১০৫০ | ১৫০ | ১২০ | ০ | ২৭০ | ১৪ | ১৪ |
| ৭ | ঝালকাঠি | ৫৯ | ২৪৯ | ২৫০ | ১০৯ | ৯ | ৬১৭ | ৬২ | ১৯ | ০ | ৮১ | ২৩ | ২৩ |
| ৮ | লক্ষ্মীপুর | ২৮৫ | ১৬০৬ | ৮২৭ | ২১৫ | ০ | ২৬৪৮ | ৫ | ১৭ | ০ | ২২ | ৩৫ | ৩৫ |

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৯ | নোয়াখালী | ৪৮৫ | ১২০০ | ১৮৪০ | ৫১৫ | ৪০ | ৩৫৯৫ | ৫০৩ | ৩৪৫ | ০ | ৮৪৮ | ১০২ | ১০২ |
| ১০ | পটুয়াখালী | ৭৩৮ | ৬১০ | ১২৪৫ | ৪৮০ | ১৫ | ২৩৫০ | ৪৮৩ | ৩৬৭ | ০ | ৮৫০ | ৭২ | ৭২ |
| ১১ | পিরোজপুর | ৫৬১ | ৬৪৮ | ৫৭৮ | ৪৫০ | ৫ | ১৬৮১ | ৭৮ | ৮৭ | ২৫০ | ৪১৫ | ৭০ | ৭০ |
| | **মোট** | **৬০২১** | **১২৬৬৫৯** | **১২৩৮৪৩** | **২৩৬১০** | **২৪০** | **২৭৪৩৫২** | **১১৪৬২** | **১৬৪৫৮** | **৩৫২** | **২৮২৭২** | **৮৩০** | **৮১৬** |

পশ্চিম-মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় সৃষ্ট ঘূর্ণিঝড় 'হামুন' (Hamoon) মোকাবিলায় উপকূলীয় উল্লেখিত জেলায় ক্ষতিগ্রস্ত দুঃস্থ ও অসহায় পরিবারকে মানবিক সহায়তা হিসেবে বিতরণের লক্ষ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক ২৪ অক্টোবর ২০২৩ তারিখ ত্রাণ কার্য (চাল), ত্রাণ কার্য (নগদ) এবং শিশু খাদ্য ও গো-খাদ্য ক্রয় পূর্বক বিতরণের জন্য অর্থ বরাদ্দ প্রদান করা হয়।

| ক্রঃ নং | জেলার নাম | ত্রাণ কার্য (চাল) (মেঃটন) | ত্রাণ কার্য (নগদ) টাকা | শিশু খাদ্য ক্রয় পূর্বক বিতরণের জন্য বরাদ্দকৃত অর্থ (টাকা) | গো-খাদ্য ক্রয় পূর্বক বিতরণের জন্য বরাদ্দকৃত অর্থ (টাকা) |
|---|---|---|---|---|---|
| ১. | চট্টগ্রাম | ৫০ | ২০,০০,০০০/- | ১০,০০,০০০/- | ১০,০০,০০০/- |
| ২. | কক্সবাজার | ৫০ | ২০,০০,০০০/- | ১০,০০,০০০/- | ১০,০০,০০০/- |
| ৩. | ফেনী | ৫০ | ২০,০০,০০০/- | ১০,০০,০০০/- | ১০,০০,০০০/- |
| ৪. | নোয়াখালী | ৫০ | ২০,০০,০০০/- | ১০,০০,০০০/- | ১০,০০,০০০/- |
| ৫. | লক্ষীপুর | ৫০ | ২০,০০,০০০/- | ১০,০০,০০০/- | ১০,০০,০০০/- |
| ৬. | বরিশাল | ৫০ | ২০,০০,০০০/- | ১০,০০,০০০/- | ১০,০০,০০০/- |
| ৭. | বরগুনা | ৫০ | ২০,০০,০০০/- | ১০,০০,০০০/- | ১০,০০,০০০/- |
| ৮. | ভোলা | ৫০ | ২০,০০,০০০/- | ১০,০০,০০০/- | ১০,০০,০০০/- |
| ৯. | পিরোজপুর | ৫০ | ২০,০০,০০০/- | ১০,০০,০০০/- | ১০,০০,০০০/- |
| ১০. | ঝালকাঠি | ৫০ | ২০,০০,০০০/- | ১০,০০,০০০/- | ১০,০০,০০০/- |
| ১১. | পটুয়াখালী | ৫০ | ২০,০০,০০০/- | ১০,০০,০০০/- | ১০,০০,০০০/- |
| | সর্বমোট | **৫৫০** (পাঁচশত পঞ্চাশ) | ২,২০,০০,০০০/- (দুই কোটি বিশ লক্ষ) | ১,১০,০০,০০০/- (এক কোটি দশ লক্ষ) | ১,১০,০০,০০০/- (এক কোটি দশ লক্ষ) |

**'হামুন' (Hamoon) কুতুবদিয়ার নিকট দিয়ে চট্টগ্রাম-কক্সবাজার উপকূল অতিক্রম করায় জেলাসমূহের ক্ষয়ক্ষতির তথ্যঃ**

ঘূর্ণিঝড় 'হামুন' এর আঘাত কক্সবাজার জেলায় গাছ চাপা ও মাটি চাপা পড়ে ৩ (তিন) জনের মৃত্যু হয়েছে (কক্সবাজার সদর উপজেলায়- ০১ জন, মহেষখালী উপজেলায় ০১ জন এবং ০১ জনের পরিচয় জানা যায়নি)। অন্যান্য ক্ষয়ক্ষতির কোন তথ্য এখনও পাওয়া যায়নি।

২। **আবহাওয়ার বর্তমান অবস্থাঃ**

উত্তরপূর্ব বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত প্রবল ঘূর্ণিঝড় **'হামুন'** (HAMOON) উত্তরপূর্ব দিকে অগ্রসর হয়ে আজ (২৫ অক্টোবর, ২০২৩) রাত ১.০০ টায় উপকূল অতিক্রম সম্পন্ন করেছে দুর্বল হয়ে সাতকানিয়া, চট্টগ্রামে স্থল গভীর নিম্নচাপ আকারে অবস্থান করছে। এটি স্থল ভাগের অভ্যন্তরে আরো অগ্রসর ও বৃষ্টি ঝড়িয়ে ক্রমান্বয়ে দুর্বল হতে পারে।

চট্টগ্রাম ও কক্সবাজার সমুদ্র বন্দরসমূহকে ০৭ (সাত) নম্বর বিপদ সংকেত নামিয়ে তার পরিবর্তে ০৩(তিন) নম্বর পুনঃ ০৩ (তিন) স্থানীয় সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

মোংলা ও পায়রা সমুদ্র বন্দরকে ০৫ (পাঁচ) নম্বর বিপদ সংকেত নামিয়ে তার পরিবর্তে ০৩(তিন) নম্বর পুনঃ ০৩ (তিন) স্থানীয় সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত সকল মাছ ধরার নৌকা ও ট্রলারসমূহকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত নিরাপদ আশ্রয়ে থাকতে বলা হয়েছে।

**এই সিরিজে আর কোন আবহাওয়ার বিশেষ বিজ্ঞপ্তি ইস্যু করা হবে না।**

**৩। আজ ২৫ অক্টোবর, ২০২৩ খ্রিঃ তারিখ সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**

ফরিদপুর, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে পশ্চিম/উত্তর-পশ্চিম দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রবৃষ্টি হতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

**৪। আজ ২৫ অক্টোবর, ২০২৩ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**

**সিনপটিক অবস্থা:** প্রবল ঘূর্ণিঝড় **"হামুন" (HAMOON)** উত্তরপূর্ব দিকে অগ্রসর ও ঘণীভূত হয়ে অতি প্রবল ঘূর্ণিঝড় **"হামুন" (HAMOON)** পরিণত হয়। পরবর্তীতে এটি উত্তরপূর্ব দিকে অগ্রসর ও দুর্বল হয়ে ঘূর্ণিঝড়ে পরিণত হয়ে গত রাত (২৫ অক্টোবর, ২০২৩) ০১ টায় উপকূল অতিক্রম সম্পন্ন করেছে। ঘূর্ণিঝড়টি আরো উত্তরপূর্ব দিকে সরে গিয়ে ক্রমান্বয়ে দুর্বল হয়ে বর্তমানে গুরুত্বহীন হয়ে পড়েছে।

পূর্বাভাস:

**প্রথম দিন (২৫.১০.২০২৩ তারিখ সকাল ০৯ টা থেকে):**

**বৃষ্টিপাত:** চট্টগ্রাম ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে।

**তাপমাত্রা:** সারাদেশে দিনের তাপমাত্রা (১-২) ডিগ্রী সে. বৃদ্ধি পেতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**দ্বিতীয় দিন (২৬.১০.২০২৩ তারিখ সকাল ০৯ টা থেকে):**

**বৃষ্টিপাত:** সারাদেশে অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া শুষ্ক থাকতে পারে।

**তাপমাত্রা:** সারাদেশে দিন ও রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**তৃতীয় দিন (২৭.১০.২০২৩ তারিখ সকাল ০৯ টা থেকে):**

**বৃষ্টিপাত:** সারাদেশে অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া শুষ্ক থাকতে পারে।

**তাপমাত্রা:** সারাদেশে দিনের তাপমাত্রা অপরিবর্তিত থাকতে পারে এবং রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে।

**বর্ধিত ৫ (পাঁচ) দিনের আবহাওয়ার অবস্থা:** দিন এবং রাতের তাপমাত্রা বৃদ্ধি পেতে পারে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | রাজশাহী | রংপুর | ময়মনসিংহ | সিলেট | চট্টগ্রাম | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩১.২ | ৩০.৭ | ৩১.৪ | ২৯.৬ | ২৮.৫ | ২৮.৭ | ৩২.০ | ২৬.৬ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২১.৫ | ২১.৯ | ১৬.৩ | ২৩.০ | ২৩.৫ | ২২.০ | ২২.৬ | ২৪.০ |

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল যশোর ৩২.০$^{o}$ সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ১৬.৩$^{o}$ সেঃ।

**(তথ্যসূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)**

**৫। অগ্নিকান্ড সম্পর্কিত তথ্যঃ**

(ক) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ২৩ অক্টোবর, ২০২৩ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ২৪ অক্টোবর, ২০২৩ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ১৬ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগ ভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরুপ:

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ৭ | ০ | ০ |
| ২। | ময়মনসিংহ | ১ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ১ | ০ | ০ |
| ৪। | সিলেট | ১ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ০ | ০ | ০ |
| ৬। | চট্টগ্রাম | ২ | ০ | ০ |
| ৭। | খুলনা | ৪ | ০ | ১ |
| ৮। | রংপুর | ০ | ০ | ০ |
| | **মোট** | **১৬** | **০** | **১** |

**৬। নদ-নদীর পানি ও বৃষ্টিপাতের অবস্থাঃ**

**(**০৯ কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দ/২৫ অক্টোবর, ২০২৩ খৃঃ**)**

- ব্রহ্মপুত্র-যমুনা, গঙ্গা-পদ্মা ও উত্তর-পূর্বাঞ্চলের সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে, যা আগামী ৪৮ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- আবহাওয়া সংস্থাসমূহের তথ্য অনুযায়ী, ঘূর্ণিঝড় পরবর্তী নিম্নচাপের প্রভাবে দেশের দক্ষিণ-পূর্ব পার্বত্যাঞ্চল এবং তৎসংলগ্ন উজানের স্থানসমূহে আগামী ২৪ ঘন্টায় মাঝারি থেকে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। এর ফলে এই অঞ্চলের সাঙ্গু-মাতামুহূরি নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পেতে পারে তবে বন্যা পরিস্থিতি সৃষ্টির সম্ভাবনা ক্ষীণ।

**নদ-নদীর পানি সমতলঃ**

**বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশনঃ**

| নদীর নাম | পানি সমতল স্টেশন | বিপদসীমা (মিটার) | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | বিপদসীমার উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|
| - | - | - | - | - | - |

**নদ-নদীর অবস্থাঃ**

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ১০৯ | গেজ স্টেশন বন্ধ আছে | ০০ |
| বৃদ্ধি | ২৫ | গেজ পাঠ পাওয়া যায়নি | ০০ |
| হ্রাস | ৮০ | মোট তথ্য পাওয়া যায়নি | ০০ |
| অপরিবর্তিত | ০৪ | বিপদসীমার উপরে | **০০** |
| **বন্যা আক্রান্ত জেলার সংখ্যা (পর্যবেক্ষণকৃত ষ্টেশন সমূহের তথ্যের ভিত্তিতে)** | | | **০০** |
| **বিপদসীমার উপরে নদীর সংখ্যা** | | | ০০ |

**গত ২৪ ঘন্টায় উল্লেখযোগ্য বৃষ্টিপাতঃ**

বাংলাদেশের অভ্যন্তরেঃ

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| কক্সবাজার | - | লামা (বান্দরবন) | ১২০ |
| টেকনাফ (কক্সবাজার) | ৭৬ | বান্দরবন | ৫৪ |

ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, অরুণাচল, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চলেঃ নেই।

| স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|
| - | - |

২৫-১০-২০২৩
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা

৮৮০-৫৮৮১১৬৫১ (ফোন)

৮৮০-২-৯৮৯১৯২৬ (ফ্যাক্স)

controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১, এনডিআরসিসি অনুবিভাগ , দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

**স্মারক নম্বর:** ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.২৩.২৪৬/১ (১৩)

তারিখ: ৯ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
২৫ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ ;
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়;
৩। সচিব , প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়;
৪। সচিব, সচিবের দপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ;
৫। সচিব, সচিবের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়;
৬। মহাপরিচালক , মহাপরিচালকের দপ্তর , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
৭। বিভাগীয় কমিশনার (সকল);
৮। পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।;
৯। উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
১০। জেলা প্রশাসক (সকল);
১১। প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
১২। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর। এবং
১৩। সহকারী পরিচালক , যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

২৫-১০-২০২৩
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা